
ইত্তেফাক

তারিখ ৩১/৪/৭৪ পৃষ্ঠা ৪ কলাম ৩





ঢাকা মেডিক্যাল কলেজ ছাত্রাবাস হইতে উদ্ধারকৃত অস্ত্রশস্ত্র

# মেডিক্যাল কলেজ ছাত্রাবাস হইতে অস্ত্রশস্ত্র উদ্ধার ও ৬ ব্যক্তি আটক

( ইত্তেফাক রিপোর্ট )

গতকাল (বুধবার) ভোর-রাত্রে ঢাকা মেট্রোপলিটান পুলিশ ঢাকা মেডিক্যাল কলেজের ছাত্রাবাস ফজলে রাব্বী হলে তল্লাশী চালাইয়া বেশ কিছু অস্ত্রশস্ত্র ও গোলাগুলী উদ্ধার এবং ৬ ব্যক্তিকে আটক করে।

পুলিশের প্রেসবিজ্ঞপ্তিতে বলা হয় যে, তল্লাশীর সময় হল কর্তৃপক্ষ উপস্থিত ছিলেন।

উদ্ধারকৃত অস্ত্রশস্ত্রের মধ্যে রহিয়াছে একটি এন্টি এয়ারক্রাফট শেল, ২টি বেয়নেট, ১টি এস, এল, আর ম্যাগজিন, ৫টি এসএমজি ম্যাগজিন, ১টি জি-৩ রাইফেল ম্যাগজিন, এস, এল, আর গুলী ৩৫টি, রাইফেল গুলী ২১টি, বেয়নেট কভার ১টি, ড্যাগার ১টি খেলনা পিস্তল ১টি প্রভৃতি। গ্রেফতারকৃত ব্যক্তিরা হইতেছে: মোহাম্মদ শওকত আলী, (ঢাকা মেডিক্যাল কলেজের তৃতীয় বর্ষের ছাত্র); মোহাম্মদ জামালুদ্দীন (রূপশী, রূপগঞ্জ, ঢাকা), মোমতাজুল মমিন (ঢাকা মেডিক্যাল কলেজের ১ম বর্ষের ছাত্র); মুখলেসুর রহমান (ময়মনসিংহ মেডিক্যাল কলেজের দ্বিতীয় বর্ষের ছাত্র); মোহাম্মদ আমিন হেলালী (নোহাপুর, ছাগলনাইয়া, নোয়াখালী) ও ফজলুল হক (বড়বানিয়া, হরিনাকুণ্ড, যশোর)।

ইহা ছাড়া পুলিশ ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজকল্যাণ গবেষণা ইনষ্টিটিউটের ছাত্রাবাসের ৫ নম্বর কক্ষ হইতে গতকাল সকাল ১১টার দিকে অবৈধভাবে রাখা ৪৬টি গুলীসহ পয়েন্ট টু টু বোর একটি রিভলবার উদ্ধার এবং উহার সহিত খন্দকার মাসুদকে (খরহাট, কাশিয়ানী, ফরিদপুর) গ্রেফতার করে।